তারিখ 21 DEC 2011
পৃষ্ঠা 2 কলাম 2

সংবাদ

# আটোয়ারীতে প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

প্রতিনিধি, আটোয়ারী (পঞ্চগড়)

পঞ্চগড়ের আটোয়ারীতে এক প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা ও শ্লিপের টাকা সঠিকভাবে খরচ না করার দুর্নীতিন অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগে জানা যায়, উপজেলার ধামোর ইউনিয়নের ৫০ নং সরকারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. দবিরুল ইসলাম সস্ত্রীক প্রায় ১৫ বছর ধরে কর্মরত রয়েছেন। তিনি তার খেয়াল খুশিমত বিদ্যালয়ে আসা যাওয়া করেন। যখন তিনি বিদ্যালয়ে থাকেন না তখন তার স্ত্রী সহকারী শিক্ষক মাছুদা বেগমকে দায়িত্ব দিয়ে যান। স্বামী প্রধান শিক্ষক হওয়ায় মাসুদা বেগমও তার খেয়াল খুশিমত স্কুলে যাতায়াত করে। শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে অসদাচরন করেন। সরকারি বরাদ্দকৃত শ্লিপের টাকা সঠিকভাবে খরচ করেন না।

অভিভাবক খলিলুর রহমান, আব্দুল, সমিরুল, সহিদুল ও নূর ইসলামের সাথে কথা বললে জানান, প্রধান শিক্ষক ও তার স্ত্রী একই বিদ্যালয়ে দীর্ঘদিন একই বিদ্যালয়ে চাকরি করায় তারা তাদের খেয়াল খুশিমত চাকরি করতেছেন যাতে বিদ্যালয়ের পরিবেশসহ শিক্ষার মান দিনদিন অবনতি হচ্ছে। বিদ্যালয়ের স্বার্থে তাদের বিরুদ্ধে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের বরাবরে অভিভাবক ও এলাকার বিদ্যোৎসাহীগণ অভিযোগ করেছেন।

এ বিষয়ে প্রধান শিক্ষক জানা, তার বিরুদ্ধে অনীত অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন।